



সিটিজেন চার্টার

দুঃস্থ স্বাস্থ্য কেন্দ্র (ডিএসকে)

সঞ্চয় ও ঋণ কার্যক্রম

০১. লক্ষ্য : একটি টেকসই উন্নয়ন ধারায় অগ্রসর হওয়ার লক্ষ্যে দরিদ্র জনগোষ্ঠীর টেকসই শক্তিশালী সংগঠন গড়ে তোলা।
যার মাধ্যমে নিজস্ব ও সামাজিক সম্পদ সংগ্রহ করে তারা দারিদ্র অবস্থা ভেঙ্গে বেরিয়ে আসতে পারেন।

০২. কর্মসূচী সমূহ :

০১. ঘূর্ণায়মান ঋণ দান ও সঞ্চয় কর্মসূচি	০৪. শিশু ও বয়স্ক শিক্ষা কর্মসূচী	০৭. দুর্যোগ ব্যবস্থাপনা ও পুনর্বাসন কার্যক্রম
০২. প্রাথমিক স্বাস্থ্য পরিচর্যা কার্যক্রম	০৫. প্রশিক্ষণ কার্যক্রম	০৮. সমৃদ্ধি কর্মসূচী
০৩. পানি ও পয়ঃনিষ্কাশন কর্মসূচি	০৬. হাসপাতাল কার্যক্রম	

০৩. নীতিমালা সমূহ :

০১. চাকুরী বিধিমালা;	০৫. বাইসাইকেল/মোটর সাইকেল ঋণ নীতিমালা;	০৯. জামানত নীতিমালা;
০২. আর্থিক বিধিমালা;	০৬. ইনসেন্টিভ নীতিমালা;	১০. ভ্রমণ নীতিমালা;
০৩. পিএফ ট্রাস্টি নীতিমালা;	০৭. জেভার নীতিমালা;	১১. আবাসন নীতিমালা ;
০৪. গ্র্যাচুইটি নীতিমালা;	০৮. শিশু অধিকার সুরক্ষা নীতিমালা;	১২. স্বাস্থ্য বীমা নীতিমালা ;

০৪. ঋণ ও সঞ্চয়ের বিভিন্ন প্রডাক্ট এবং সুদের হার :

ঋণ প্রডাক্টের নাম	সুদের হার	ঋণ পরিশোধের ধরণ	সঞ্চয় প্রডাক্টের নাম	জমা করার ধরণ	সুদের হার
গ্রামীণ ও নগর ক্ষুদ্র ঋণ	২৫%	সাপ্তাহিক/মাসিক	সাধারণ সঞ্চয়	সাপ্তাহিক	৬%
ক্ষুদ্র উদ্যোগ(এমই) ঋণ	২৫%	সাপ্তাহিক/মাসিক	মেয়াদী সঞ্চয়	মাসিক	৮-১২%
প্রাণী সম্পদ ঋণ	২৫%	সাপ্তাহিক/মাসিক	স্বেচ্ছা সঞ্চয়	যে কোন সময়	৬%
কৃষিখাত ক্ষুদ্র ঋণ	২৪%	এককালীন	সদস্য চাহিদা মাত্র সঞ্চয় ফেরত দেওয়া হয়। ২০০০ টাকা পর্যন্ত মাঠ থেকে ফেরত দেওয়া হয়, এর বেশী হলে অফিস থেকে নিতে হয়।		
অতি দরিদ্র ক্ষুদ্র ঋণ	২০%	সাপ্তাহিক/মাসিক			
ডিগনিটি ঋণ	০%	যে কোন সময়			

- ক্ষুদ্র উদ্যোগ(এমই) ঋণ ছাড়া কোন জামিনদার নেওয়া হয় না। এক্ষেত্রে জামিনদার নারী বা পুরুষ যে কেউ হতে পারবে।
- মেয়াদী সঞ্চয় নেওয়ার ক্ষেত্রে কর্তৃপক্ষের অনুমোদন নেওয়া আছে।
- প্রতি মাসে সঞ্চয়ের উপর সুদ দেওয়া হয়।
- দুর্যোগ কালীন সময়ে দুর্যোগ ব্যবস্থাপনা ঋণ দেওয়া হয়।
- সদস্যদের বিভিন্ন বিষয় ভিত্তিক প্রশিক্ষণ দেওয়া হয়।

০৫. ফি সমূহ :

- নতুন সদস্য ভর্তি হওয়ার সময় ভর্তি ফি, ফরম ও পাশ বই বাবদ মোট ১৫ টাকা জমা দিতে হয়। ২য় দফা থেকে প্রতিবার ঋণ নেওয়ার সময় লোন ফরম এর মূল্য বাবদ ৫ টাকা দিতে হয়। প্রতি ৩ বছর পর পুরনো পাশ বইয়ের পরিবর্তে নতুন পাশ বই নিতে হলে বইয়ের মূল্য বাবদ ৫ টাকা দিতে হয়।
- প্রতিবার ঋণ নেওয়ার সময় সরকারী নির্দেশ অনুযায়ী ঋণীকে ১০ টাকা মূল্যের রেভিনিউ স্ট্যাম্প ব্যবহার করতে হয়।
- এমআরএ'র সম্মতি অনুযায়ী ক্ষুদ্র উদ্যোগ ঋণীদের ২০০ টাকার মূল্যের নন জুডিসিয়াল স্ট্যাম্প ব্যবহার করতে হয়।

০৬. গ্রেস পিরিয়ড :

- সাপ্তাহিক কিস্তির ক্ষেত্রে কমপক্ষে ২ সপ্তাহ, মাসিক কিস্তির ক্ষেত্রে কমপক্ষে ১ মাস গ্রেস পিরিয়ড দেওয়া হয়।
- কৃষিখাত ক্ষুদ্র ঋণ এর ক্ষেত্রে সদস্য'র চাহিদা অনুযায়ী ৩ থেকে সর্বোচ্চ ৯ মাস গ্রেস পিরিয়ড দেওয়া হয়।

০৭. বীমা সুবিধা :

- প্রতিবার ঋণ নেওয়ার সময় সদস্য যে পরিমাণ ঋণ গ্রহণ করবে তার উপর ১% বীমা হিসাবে জমা রাখতে হবে। অতি দরিদ্র ক্ষুদ্র ঋণ ও ডিগনিটি ঋণ এর কোন বীমা নেওয়া হয় না।
- যে কোন প্রডাক্টের ঋণগ্রহীতা অথবা অভিভাবক মারা গেলে অবশিষ্ট ঋণ (যে কোন পরিমাণ) মওকুফ করা হয় এবং উত্তরাধিকারকে সঞ্চয় ফেরত দেওয়া হয়। অতি দরিদ্র ক্ষুদ্র ঋণীদের নিকট থেকে বীমা নেওয়া হয় না, কিন্তু বীমা সুবিধা দেওয়া হয়।
- প্রাণী সম্পদ ঋণের বেলায় অতিরিক্ত সুবিধা হিসাবে ক্রয়কৃত পশু, পোল্ট্রী/মৎস'র ৮০% মারা গেলে ঋণ মওকুফ করা হয়।
- কোন সদস্য তিন বার ঋণ গ্রহণ করে পরিশোধ করলে বীমার টাকা ফেরত দেওয়া হয়।